গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mohpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.১২২.২৭.০২২.২০১৯-১৫৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ / ০৭ এপ্রিল ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনায় কর্মরত অবস্থায় রূপপুর গ্রীনসিটি প্রকল্পের নির্মাণাধীন ২০ ও ১৬ তলা ভবনের আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি বিভিন্ন মিডিয়াতে প্রকাশিত হয়। উক্ত অস্বাভাবিক ব্যয়ের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর হতে ১৯/০৫/২০১৯ তারিখের ২৫.৩৬.০০০০.২১৩.২৭.৫১৩.২০১৯-৪২৭ নম্বর স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। পরবর্তীতে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকেও ১৯/০৫/২০১৯ তারিখের ২৫.০০.০০০.০৩১.১৪. ০৮৯.১৭-২১০ নম্বর স্মারকে আরও একটি তদন্ত কমিটি গঠন করা হয়। গণপূর্ত অধিদপ্তর এবং এ মন্ত্রণালয় হতে গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় এবং ভবনে উঠানোর কাজে অস্বাভাবিক ব্যয়ের বিষয়টি প্রমাণিত হয়েছে। তদন্ত কমিটির সুপারিশ মোতাবেক তিনি অস্বাভাবিক ব্যয়ের প্রাক্কলন প্রস্তুত এর সাথে সরাসরি জড়িত থেকে দায়িত্ব পালনে অবহেলা করেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ১২/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করে 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু, তিনি ২০/১০/২০১৯ তারিখে প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। তিনি দুদকের মামলায় পুলিশ হেফাজতে ছিলেন। পরবর্তীতে, গত ২৬/০৮/২০২৫ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অত:পর, উক্ত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: সারোয়ার আলমকে সভাপতি করে যুগ্মসচিব জনাব মোঃ মনিরুজ্জামান মিঞাকে সদস্য এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আশিক উন নবী তালুকদারকে সদস্য-সচিব করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক অভিযুক্ত কর্মকর্তা জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা-এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

০৩। যেহেতু, তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তাকে ১৪/০১/২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত কর্মকর্তা ২৫/০১/২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় গুরুদন্ড প্রদানের উদ্দেশ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব সুমন কুমার নন্দীকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদন্ড প্রদান করা যায় মর্মে পরামর্শ প্রদান করে সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে। সুতরাং, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(খ) অনুযায়ী তাকে 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদন্ড প্রদান করা প্রয়োজন;

০৪। সেহেতু, জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে 'অসদাচরণ' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(খ) অনুযায়ী 'বাধ্যতামূলক অবসর প্রদান' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৫। অভিযুক্ত কর্মকর্তা জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৪/০৭/২০১৯ তারিখের ২৫.০০.০০০০.০১৩.২৭.০০৪.১৯-১১৮ নম্বর

প্রজ্ঞাপনমূলে সরকার চাকার হতে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বিধি-মোতাবেক [illegible] সুবিধাদি প্রাপ্য হবেন।

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত
০৬/০৪/২০২৬
মোঃ নজরুল ইসলাম
সচিব

চলমান পাতা-২

CamScanner



নম্বর: ২৫.০০.০০০০.১২২.২৭.০২২.২০১৯-১৫৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ / ০৭ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (প্রশাসন শাখা-৭), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। জনাব সুজন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(সাময়িক বরখাস্তকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা।

১২। অফিস কপি/মাস্টার ফাইল।

অভিজিৎ রায়
যুগ্মসচিব
ফোন: ০২ ৫৫১০০৪৫৫
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বি... ২, ঢাকা।

| ডাইরী নং- ১৯৭৬ | | তারিখ ঃ- ২৭/৪/... গ্রহণকারী ঃ- | |
|---|---|---|---|
| অ: স: | স: প্র: | উ: নি: প্র: | নি: প্র: |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০৫১০.১৯.১২২

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(বাধ্যতামূলক অবসর প্রদানকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(খ) অনুযায়ী "বাধ্যতামূলক অবসর প্রদান" গুরুদন্ড প্রদান প্রসংগে।**

পূর্ব পৃষ্ঠার বর্ণিত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১৬-০৪-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
ফোন : ০২২২৩৩৮০৯৯৯
ফ্যাক্স : ০২-৯৫৫৬৬৬৮
ইমেইল : se_est@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী গণপূর্ত জোন, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পাবনা গণপূর্ত সার্কেল, পাবনা।
৩। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা।
৫। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অবগতির জন্য।
৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পাবনা।
১০। জনাব সুমন কুমার নন্দী, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)(বাধ্যতামূলক অবসর প্রদানকৃত), পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা এবং
১১। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।